

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
মাননীয় মন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, সোমবার, ২০ জুলাই ২০২০

স্বাস্থ্যবিধি প্রতিপালন ও সর্বোচ্চ সচেতনতা প্রদর্শন না করলে ঈদযাত্রা অস্তিমযাত্রায় রূপ নিতে পারে বলে যাত্রীদের সতর্ক করেছেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি।

মন্ত্রী আজ সকালে আসন্ন ঈদ-উল-আযহায় মানুষের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে বিআরটিএ'র সদরদপ্তরে অনুষ্ঠিত ঈদ প্রস্তুতি সভায় নিজ বাসভবন থেকে ভিডিও কনফারেন্সে একথা বলেন।

এসময় তিনি বলেন, ঢাকা মহানগরীর প্রতিটি টার্মিনালে আইন প্রয়োগকারী সংস্থাসমূহ, মালিক-শ্রমিক, সিটি কর্পোরেশন, বিআরটিএসহ সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে গঠিত টাস্কফোর্স কার্যকর থাকবে। এর পাশাপাশি যে কোনো অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণে সক্রিয় থাকবে বিআরটিএ'র মোবাইল কোর্ট।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জানানো হয়, আসন্ন ঈদ-উল-আযহায় দূরপাল্লার বাস-মিনিবাসসমূহ অর্ধেক আসন খালি রেখে স্বাস্থ্যবিধি মেনে চলাচল করবে। ঢাকা মহানগরীর বহির্গমন পয়েন্টসমূহ যানজটমুক্ত রাখতে নেয়া হয়েছে বিশেষ ব্যবস্থা। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নগরীর প্রধান প্রধান টার্মিনালসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে।

ভ্রমণের আগে ও পরে পরিবহনসমূহ জীবানুমুক্ত করার পাশাপাশি বাসে উঠার ক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। যাত্রী, গাড়ি চালক, চালকের সহকারীসহ সংশ্লিষ্ট সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করার পাশাপাশি পরিবহনসমূহ জ্বালানী সংগ্রহ ও জরুরি প্রয়োজন ছাড়া পথিমধ্যে কোনো যাত্রা বিরতি করতে পারবে না বলে সভায় জানানো হয়।

এসময় মন্ত্রী তার বক্তব্যে বলেন, দেশে মহাসড়কসমূহ যে কোনো সময়ের তুলনায় এখন ভাল অবস্থায় রয়েছে। অতিবৃষ্টিজনিত ক্ষতিগ্রস্ত সড়ক মেরামতে ড্রাম্যামান সড়ক মেরামত টিম সার্বক্ষণিক প্রস্তুত রাখার জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরকে এবং যাত্রীদের চাপ নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ সড়ক মোহনায় প্রয়োজনীয় সংখ্যক বাস প্রস্তুত রাখার জন্য বিআরটিএ'কে মন্ত্রী নির্দেশনা দেন।

তিনি বলেন, ঈদের তিনদিন আগে থেকে মহাসড়কে ভারী যানবাহন চলাচল বন্ধ থাকবে। তবে জরুরি সার্ভিস, অত্যাবশ্যকীয় পণ্য, পচনশীল দ্রব্য, কোরবানীর পশু, জ্বালানী, ঔষধ, ত্রাণ, সংবাদপত্র ও রপ্তানীপণ্যবাহী যানবাহন এ নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে।

সভায় বিআরটিএ'র চেয়ারম্যান নূর মোহাম্মদ মজুমদার, সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কাজী শাহরিয়ার হোসেন, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক খন্দকার রাকিবুর রহমান, বিআরটিএ'র চেয়ারম্যান মো. এহছানে এলাহী, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, পুলিশ হেডকোয়ার্টার্স, হাইওয়ে পুলিশ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, পরিবহন মালিক ও শ্রমিক সংগঠন, বাংলাদেশ ট্রাক কাভার্ড ভ্যান মালিক সমিতির প্রতিনিধিসহ সংশ্লিষ্ট অংশীজন উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মো. আবু নাছের

উপপ্রধান তথ্য কর্মকর্তা

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ